2026

4th Semester Examination (CCFUP : NEP)

BENGALI

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY

Paper : MJ 6-T

(Single Core Major)

(ছন্দ ও অলঙ্কার, উনিশ ও বিশ শতকের কবিতা পাঠ)

Full Marks : 60 Time : Three Hours

The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words as far as practicable.

বিভাগ - ক

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। মাত্রা বা কলা (mora) কাকে বলে? মাত্রা কয় প্রকার ও কী কী?

২। "এই তো জানু পেতে বসেছি, পশ্চিম / আজ বসন্তের শূন্য হাত—" কোন্ রীতির ছন্দ? এই ছন্দ রীতিতে রুদ্ধদল কত মাত্রার হয়?

৩। মালা রূপক কাকে বলে? উদাহরণ দাও।

৪। প্রস্তুতের উপর অপ্রস্তুতের ব্যবহার আরোপিত হয় কোন্ অলংকারে? এই অলংকারের একটি দৃষ্টান্ত দাও।

P.T.O.

৫। একটি উপমেয়ে উপমানের আরোপ অন্য একটি উপমেয়ে তার উপমানের আরোপের কারণ হয় কোন্ অলংকারে? এই অলংকারের একটি উদাহরণ দাও।

৬। ব্যঞ্জনগুচ্ছ যুক্ত বা অযুক্তভাবে ক্রমানুসারে বহুবার ধ্বনিত হয় কোন্ অলংকারে? এই অলংকারের একটি দৃষ্টান্ত দাও।

৭। 'সুখ' কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থে সংকলিত হয়েছে? কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?

৮। "দৃশ্যমাত্র সর্ব্বগাত্র প্রফুল্লিত হয়।" — চরণটি কোন্ কবির কোন্ কবিতা থেকে উদ্ধৃত?

বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। ছেদ ও যতি কাকে বলে? বাংলা ছন্দে ছেদ ও যতির পার্থক্য উদাহরণসহ লেখো।

১০। নিম্নলিখিত কবিতাংশটির ছন্দোলিপি প্রস্তুত করো :

একবার এক তন্বী অন্যমনে
তার প্রেমিকের বাড়ি
যেতে চেয়েছিল, প্রেমিকের মৃতদেহে
বিঁধে গেল তার শাড়ি।
গাছের কোটর ভরে যায় এইভাবে
স্নেহে আর সন্দেহে
না-পাঠানো চিঠি না-বাজা নূপুর আর
প্রেমিকের মৃতদেহে।

MIDNAPORE CITY COLLEGE • CENTRAL LIBRARY • ESTD 2017

১১। বিষম ও বিরোধাভাস অলংকারের বৈশিষ্ট্যের নিরিখে উভয়ের একটি তুলনামূলক আলোচনা করো।

১২। উপযুক্ত ব্যাখ্যাসহ নিম্নলিখিত দু'টি কাব্যাংশের অলংকার নির্ণয় করো।

(ক) "বজ্রসেন কানে কানে কহিল শ্যামারে,
'ক্ষণিক শৃঙ্খলমুক্ত করিয়া আমারে
বাঁধিয়াছ অনন্ত শৃঙ্খলে'।"

(খ) বক্ষবীণায় বেদনার তার
এইমত পুনঃ বাঁধিব আবার।

MIDNAPORE CITY COLLEGE • CENTRAL LIBRARY • ESTD 2017

১৩। "চোখে কালো শিরার অসুখ, / কানে যেই বধিরতা আছে, / যেই কুঁজ-গলগণ্ড মাংসে ফলিয়াছে / নষ্ট শসা-পচা চালকুমড়ার ছাঁচে, / যে-সব হৃদয়ে ফলিয়াছে/ — সেই সব।" — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃত কবিতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১৪। "কারো বাঁশির মত নাক ভালো লাগে, / কারো হরিণের মত চাহনি নেশা ধরায়—/ কিন্তু হাত তাদের নামানো মাটির দিকে,/ ঝঞ্ঝাক্ষুব্ধ সমুদ্রে জ্ব'লে ওঠে না তাদের দৃপ্ত মুখ / ফসফরাসের মত" — উৎস নির্দেশ করে ব্যাখ্যা করো।

বিভাগ - গ

যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দ কাকে বলে? দৃষ্টান্তসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮

P.T.O.

১৬। 'সনেট' কাকে বলে? যে-কোনো একটি সনেটের প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ২+৮

১৭। উপমা অলংকার কাকে বলে? উদাহরণসহ উপমা অলংকারের প্রকারভেদ আলোচনা করো। ২+৮

১৮। অতিশয়োক্তি ও অপহ্নুতি এই দুই অলংকারের সংজ্ঞা নির্দেশ করে বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৫+৫

১৯। 'সুন্দর তাঁকে বার বার হাতছানি দিয়ে ডাকলেও দারিদ্র্যের নির্মম কশাঘাতে ভেঙে গেছে সুন্দরের স্বপ্ন' — এই উক্তির আলোকে 'দারিদ্র্য' কবিতাটি অবলম্বনে কবির মানবিক ও দার্শনিক সত্তার পরিচয় দাও।

MIDNAPORE CITY COLLEGE
ESTD 2017
CENTRAL LIBRARY